

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, জাহানাবাদ সেনানিবাস, খুলনা

অ্যাসাইনমেন্ট-০২

এসএসসি পরীক্ষার্থী ২০২১ (ব্যবসায় শিক্ষা)

ইসলাম শিক্ষা

সামাজিক প্রভাব বিস্তারকে কেন্দ্র করে জনাব সিহাব চৌধুরী লোকমান সাহেবকে মারাত্মকভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করেন। কিছুদিন পর লোকমান সাহেব প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকেন। এ ধরনের উদারতা দেখে জনাব সিহাব চৌধুরীর মধ্যে বেশ পরিবর্তন আসে। তিনি প্রতিজ্ঞা করেন যে, কোন মানুষের সাথে আর অন্যায় আচরণ করবেন না। গৌত্র-বর্ণ ভেদাভেদ ভুলে গিয়ে সকলের সাথে আত্ম বন্ধনে আবদ্ধ হবেন। সকল কাজকর্মে কুরআন ও হাদিসকে অনুকরণ করে চলবেন।

ক. মদিনা সনদের ধারা কয়টি?

খ. রাসুলের জীবনাদর্শ অনুকরণীয় কেন?

গ. লোকমান সাহেবের আচরণে মহানবি (স.) এর কোন গুরুত্বপূর্ণ ঘটনার আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ. সিহাব সাহেবের পরিবর্তন বিদায় হজের ভাষনের আলোকে পর্যালচনা কর।

গণিত

1. $U = \{1,2,3,4,5,6,7\}$, $A = \{1,3,5\}$, $B = \{2,4,6\}$ এবং $C = \{5,6\}$

(ক) A' এবং $P(C)$ নির্ণয় কর।

২

(খ) দেখাও যে, $(A \cup B) = (A - B) \cup (B - A) \cup (A \cap B)$

৪

(গ) প্রমাণ কর যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$

৪

বিজ্ঞান

মি. করিম স্ফিগমোম্যানোমিটার এর মাধ্যমে নিয়মিত রক্তচাপ পরিমাপ করেন। আজ তার শরীরের রক্তচাপ ছিল ১৭৫/১১০।

ক. অণুচক্রিকার প্রধান কাজ কী? ১

খ. লিউকেমিয়া কেন হয়? ২

গ. মি. করিম এর দেহে কি ধরনের রক্তচাপ বিদ্যমান—ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. করিম এর হার্ট অ্যাটাকের ঝুঁকি থাকলেও রক্তশূন্যতা সৃষ্টির সম্ভাবনা নেই— বিশ্লেষণ কর। ৪

কৃষি শিক্ষা

সৃজনশীল প্রশ্ন ৬ : কৃষক রমিজ উদ্দিন ধান ফসল উৎপাদন করে তা থেকে কিছু বীজ ভবিষ্যতে ব্যবহারের জন্য যথাযথ নিয়ম মেনে চটের বস্তা ও গোলায় সংরক্ষণ করেন। এর ফলে পরবর্তীতে বীজ বপনের সময় তার কোনো সমস্যায় পড়তে হয় না।

ক. বীজ কি?

খ. বীজ সংরক্ষণ বলতে কী বুঝ?

গ. রমিজ উদ্দিন কীভাবে বীজ সংরক্ষণ করেছিলেন ব্যাখ্যা কর।

ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে কৃষক রমিজ উদ্দিনের পদক্ষেপটি বিশ্লেষণ কর।

ফিন্যান্স এন্ড ব্যাংকিং

জনাব শ্যামল একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ছয়বছর পর ৮০,০০০ টাকা দিয়ে তিনি একটি কম্পিউটার ক্রয় করতেচান। এজন্য তিনি ব্যাংকে প্রয়োজনীয় টাকা রাখার সিদ্ধান্ত নিলেন। ব্যাংকের সুদের হার ১৩ %। জনাব মান্নান তাকে একই হারে মাসিক চক্র বৃদ্ধিতে টাকা রাখতে পরামর্শ দিলেন।

- | | |
|--|---|
| ক) অর্থের সময়মূল্য কি? | ১ |
| খ) চক্রবৃদ্ধি সুদ বলতে কি বুঝ? | ২ |
| গ) জনাব শ্যামলকে কম্পিউটার ক্রয়ের জন্য কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে? নির্ণয় কর। | ৩ |
| ঘ) “প্রকৃত সুদের হারের ভিত্তিতে জনাব মান্নানের পরামর্শ সঠিক” - মূল্যায়ন কর। | ৪ |

ব্যবসায় উদ্যোগ

উদ্দীপক:

২০১৭ সালে লিমা কোম্পানি লিমিটেডের উৎপাদিত পণ্যের মূল্য ছিল ২০ লক্ষ টাকা। এসময় কোম্পানিটির ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৪,২০,০০০ টাকা, বেতন ও মজুরি ২ লক্ষ ৪০ হাজার টাকা এবং অন্যান্য ১০০,০০০ টাকা। অন্যদিকে ২০১৬ সালে রিয়া কোম্পানি লিমিটেডের উৎপাদনের পরিমাণ একই থাকলেও ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৪ লক্ষ ৬০ হাজার টাকা, বেতন ও মজুরি ২ লক্ষ ৩০ হাজার টাকা এবং অন্যান্য ১,৬০,০০০ টাকা।

ক) উৎপাদনশীলতাকি?

খ) "উৎপাদন একটি চলমান প্রক্রিয়া" - ব্যাখ্যাকরো।

গ) ২০১৬ সালের জন্য রিয়া কোম্পানি লিমিটেডের মোট উৎপাদনশীলতা নির্ণয় করো।

ঘ) ২০১৬ ও ২০১৭ সালের ভিত্তিতে লিমা ও রিয়া কোম্পানি লিমিটেডের মধ্যে কোনটি সুবিধাজনক অবস্থানের মধ্যে? মতামত দাও।